

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ৩.১ অনুযায়ী 'সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার' সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : কাজী আবেদ হোসেন  
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)  
সভার তারিখ ও সময় : ০৯ নভেম্বর, ২০২২; সকাল ১১.৩০ ঘটিকা।  
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন এবং বিদ্যুৎ, জ্বালানি ও অন্যান্য ক্ষেত্রে ব্যয় সংকোচনের লক্ষ্যে অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের ০২/০৮/২০২২ খ্রি: তারিখের নির্দেশনা ০৩ আগস্ট, ২০২২ তারিখের ৫১৮৫ সংখ্যক স্মারকমূলে অফিস আদেশের মাধ্যমে জারি করা হয়। তাছাড়া তিনি অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে ১৬ আগস্ট, ২০২২ তারিখ ২৭১ সংখ্যক স্মারকমূলে জারিকৃত পত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনেরও আহ্বান জানান। সভাপতি সহকারী পরিচালক (প্রশাসন)-কে বিষয়বস্তু সভায় উপস্থাপনের অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ৩.১ অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত নির্দেশনা সভায় উপস্থাপন করেন।


০৩। অতঃপর সভায় গত ৩০.০৮.২০২২ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নোবর্ণিতভাবে উপস্থাপন করা হয় :

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি (জুলাই-সেপ্টেম্বর/২০২২)
৩.১	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের টিওএন্ডইভুক্ত যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে কিনা এ সম্পর্কে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহকারী পরিচালক (কমন সার্ভিস) প্রতি ০৩ মাস পর পর সংশ্লিষ্ট গাড়ির লগবুকসমূহের সঠিকতা যাচাই-বাছাইপূর্বক পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) বরাবর প্রত্যয়ন পত্র দাখিল করবেন।	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের টিওএন্ডইভুক্ত যানবাহন ০৯টি। গাড়িগুলো বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে এবং সংশ্লিষ্ট গাড়ির লগবুকসমূহের সঠিকতা যাচাই-বাছাইপূর্বক পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) বরাবর প্রত্যয়ন করা হয়েছে।
৩.২	এক রুটের গাড়ি এক রুটেই পরিচালিত হবে। কোন কর্মকর্তা নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পয়েন্টে উপস্থিত হতে ব্যর্থ হলে নিজ ব্যবস্থাপনায় অফিসে যাতায়াত করবেন।	অধিদপ্তর হতে ০৩ আগস্ট, ২০২২ তারিখ এতদসংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে এবং নির্দেশনা অনুসরণ করা হচ্ছে।
৩.৩	কোন কর্মকর্তার সরকারি কাজে অফিস চলাকালীন সময়ে রুটের গাড়ি নিয়ে অন্যকোন দপ্তরে/অফিসে যাতায়াতের প্রয়োজন হলে পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) এর অনুমতি গ্রহণ করতে হবে।	নির্দেশনা অনুসরণ করা হচ্ছে।
৩.৪	জ্বালানী সাশ্রয় সংক্রান্ত সময় সময় জারিকৃত সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।	সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন এবং বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে ১৬ আগস্ট, ২০২২ তারিখ মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়। তাছাড়া ০৩ আগস্ট, ২০২২ তারিখ এতদসংক্রান্ত একটি অফিস আদেশও জারি করা হয়েছে।

০৪। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা
৪.১	অফিসে গমনাগমনের ক্ষেত্রে একই রুটের সকল কর্মকর্তাগণ একই সাথে আসা-যাওয়া করবেন। একই রুটে একাধিকবার গাড়ি আসা-যাওয়া করবে না।	পরিচালক (প্রশাসন/উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)/সহকারী পরিচালক (কমন সার্ভিস)/সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৪.২	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের টিওএন্ডইভুজ্জ যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে কিনা এ সম্পর্কে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহকারী পরিচালক (কমন সার্ভিস) প্রতি ০৩ মাস পর পর সংশ্লিষ্ট গাড়ির লগবুকসমূহের সঠিকতা যাচাই-বাছাইপূর্বক পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) বরাবর প্রত্যয়ন পত্র দাখিল করবেন।	পরিচালক (প্রশাসন/অপারেশনস)/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)/সহকারী পরিচালক (কমন সার্ভিস)/সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৪.৩	রাতের বেলায়, বৃষ্টির দিনে অথবা তাপমাত্রা অসহনীয় না হলে গাড়ির এসি যথাসম্ভব বন্ধ রাখতে হবে।	
৪.৪	প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণের জন্য গাড়ির নির্ধারিত জ্বালানি বরাদ্দের ৭০ ভাগ ব্যবহারের পর গাড়িচালক সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করবেন।	
৪.৫	জ্বালানী সাশ্রয় সংক্রান্ত সময় সময় জারিকৃত সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। তবে মাদকবিরোধী অপারেশনাল কার্যক্রমে ব্যবহৃত গাড়ী এর আওতামুক্ত থাকবে।	

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(কাজী আবেদ হোসেন)  
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১- ৬২৪৫

২৪ কার্তিক, ১৪২৯  
তারিখ: -----  
০৯ নভেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
২. পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
৫. অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপ-পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৮. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন/গোয়েন্দা/অর্থ ও হিসাব/চিকিৎসা ও পুনর্বাসন/জনসংযোগ/কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অফিস কপি।



(দীপজয় হোসেন)  
সহকারী পরিচালক (প্রশাসন)